ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৬০৬

সাব্রুম, ৮ মে, ২০২৫

**সাব্রুমে সিভিল ডিফেন্স মকড্রিল অনুষ্ঠিত**

গতকাল সারা রাজ্যের সাথে সাব্রুমেও সিভিল ডিফেন্স মকড্রিল অনুষ্ঠিত হয়। সাব্রুম মহকুমা প্রশাসনের উদ্যোগে মোট তিনটি জায়গায় বিশেষ মহড়া অনুষ্ঠিত হয়। বিকাল সাড়ে চারটায় সাইরেন বাজার সাথে সাথে সাব্রুম মহকুমা প্রশাসকের কার্যালয় চত্বর, সাব্রুম মেলার মাঠ এবং সাব্রুম ফেনী ব্রিজ সংলগ্ন বিএসএফ'র বিওপি অফিস চত্বরে এই বিশেষ মহড়া অনুষ্ঠিত হয়। বিকেল সাড়ে পাঁচটায় ব্ল্যাক আউট করা হয় ১০ মিনিটের জন্য। কিভাবে বিপদগ্রস্ত মানুষ এবং পশুপাখিকে উদ্ধার করা হবে, তাদের চিকিৎসা করা হবে এবং মুমূর্ষু রোগী ও মানুষের কিভাবে জীবন বাঁচানো হবে তা এই মহড়াতে হাতে কলমে করে দেখানো হয়। মহড়াতে রাস্তা সংস্কার, পানীয়জলের উৎস সারাই, জল দূষণ রোধ, ভেঙ্গে যাওয়া বাড়িঘর পুনঃনির্মাণ, যোগাযোগের মাধ্যম তৈরি, শরণার্থী শিবির তৈরি, শিবিরে খাদ্য ফলমূল এবং পানীয় সরবরাহ করা প্রভৃতি হাতে কলমে করে দেখানো হয়।

*******